

# মাদকমুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

■ সংখ্যা : ৮৬

■ বর্ষঃ ১১

■ এপ্রিল ২০১৬

## অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে ১ম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

গত ০৩ মার্চ ২০১৬ তারিখ সকাল ১০টায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে ১ম ত্রৈমাসিক সমন্বয় সভা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।



১ম ত্রৈমাসিক সমন্বয় সভায় উপস্থিত অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ

তিনি সভায় উপস্থিত কর্মকর্তাদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। জানুয়ারি-২০১৬ মাসে দেশব্যাপী মাদকের ক্ষতিকর ও ভয়াবহ পরিণতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সর্বাধিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়নে নিরলসভাবে কাজ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি জানুয়ারি-২০১৬ সালে মাদকবিরোধী কর্মতৎপরতার ধারণকৃত ভিডিও কিপ দেখানোর আহ্বান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

## অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ৯-১০ মার্চ ২০১৬ তারিখে অফিস ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত হিসাব রক্ষক, সাঁট-লিপিকার, সাঁট-মুদ্রাক্ষরিক, উচ্চমান সহকারী, টেবুলেটর, হিসাব সহকারী ও অফিস সহকারী অংশগ্রহণ করেন।



গত ৯-১০ মার্চ ২০১৬ অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণের উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান

উক্ত প্রশিক্ষণ কর্মসূচীর শুভ উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ আমীর হোসেন, পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আখতার আলী সরকার।

৯-১০ মার্চ ২০১৬ দুই দিনের এই প্রশিক্ষণ কর্মসূচীতে অতিথি বক্তাসহ অধিদপ্তরের কর্মকর্তারা প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান।



গত ৯-১০ মার্চ ২০১৬ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত জনাব মোঃ ফজলুল হক, টেবুলেটরকে অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণে প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক, খন্দকার রাকিবুর রহমান

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহারের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি এবং সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে দেশে মাদকের চাহিদা হ্রাসের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নিয়মিতভাবে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে যেসব জনসচেতনতা সৃষ্টিমূলক কার্যক্রম পরিচালিত হয় তন্মধ্যে সেমিনার, ওয়ার্কসপ, মাদকবিরোধী শর্ট ফিল্ম/ডকুমেন্টারী প্রদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণী বক্তৃতা ও মাদকবিরোধী কমিটি গঠন উল্লেখযোগ্য।

মার্চ ২০১৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের পরিসংখ্যান নিম্নরূপ:

মাদকবিরোধী আলোচনা সভা	৫৯ টি স্থান
শ্রেণী কক্ষে বক্তৃতা	৮৮ টি স্থান
পোস্টার/লিফলেট বিতরণ	১৩১ টি স্থান
শর্টফিল্ম/ডকুমেন্টারী প্রদর্শন	৪৮ টি স্থান
সেমিনার ওয়ার্কসপ	০৫ টি স্থান
মাইকিং	৫৯ টি স্থান
সাইনবোর্ড/বিলবোর্ড লিখন/স্থাপন ও দেয়াল লিখন	৯৩ টি স্থান
বিভিন্ন অনুষ্ঠানে ফেস্টুন/পোস্টার প্রদর্শন	১৩৮ টি স্থান
অপারেশন কালে উপস্থিত জনতার উদ্দেশ্যে বক্তৃতা	২৬৩ টি স্থান
স্থানীয় সরকারি প্রতিষ্ঠান ভিত্তিক কেন্দ্রিক কার্যক্রম	১৬ টি স্থান
সংগঠন/সমিতি/ক্লাব/ট্রেন্ড ইউনিয়ন ভিত্তিক কার্যক্রম	১৮ টি স্থান
ট্রেনিং সেন্টার	০১ টি স্থান
মেলায়/অন্যান্য তথ্য	০৪ টি স্থান

মার্চ/১৬ মাসে দেশব্যাপী মোট ৯২৩ টি মাদকবিরোধী গণসচেতনতামূলক নিরোধ শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়েছে। এ সময়ে শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণী বক্তৃতা হয়েছে ৮৮ টি।

### মাসিক বুলেটিন



### মাদকমুক্ত সুস্থ জীবন

উপদেষ্টা : খন্দকার রাকিবুর রহমান  
মহাপরিচালক

সম্পাদক : নাজমুল আহসান মজুমদার  
পরিচালক (নিরোধ শিক্ষা)

সহ-সম্পাদক : মোহাম্মদ রুহুল আমিন  
সহকারী পরিচালক (গ: প্র:)

■ সংখ্যা : ৮৬

■ বর্ষ : ১১ম

■ এপ্রিল-২০১৬

## শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম

মার্চ/১৬ মাসে শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণী বক্তৃতা হয়েছে ৮৮ টি স্থানে। ঢাকা মেট্রো:উপ-অঞ্চল, যশোর, কক্সবাজার, ফেনী ও লক্ষ্মীপুর জেলার আলোচনা অনুষ্ঠানের কয়েকটি সংবাদচিত্র নিম্নরূপ-



গত ১৯ মার্চ ২০১৬ তারিখ ঢাকা মিশন স্কুল, আদাবর, ঢাকায় মাদকের কুফল সম্পর্কে আলোচনা সভায় ছাত্রদের মাঝে বক্তব্য দেন মুহাম্মদ সাজিদুল ইসলাম, পরিদর্শক, মোহাম্মদপুর সার্কেল



গত ২১ মার্চ ২০১৬ তারিখ কৃষ্ণনগর রেললাইন পাড়া, বিকর গাছা, যশোর ঘটনাস্থলে উপস্থিত লোকজনের মধ্যে মাদকবিরোধী বক্তব্য প্রদান করে মোহাম্মদ নাজমুল কবীর, উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), যশোর




গত ২৩ মার্চ ২০১৬ তারিখ বড় মহেশখালী বালিকা উচ্চ বিদ্যালয় কক্সবাজারে মাদকের কুফল সম্পর্কে আলোচনা সভায় ছাত্রীদের মাঝে বক্তব্য প্রদান করেন ধনঞ্জয় চন্দ্র দেবনাথ, পরিদর্শক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস কক্সবাজার



গত ০২ মার্চ ২০১৬ তারিখ ফেনী মডেল কলেজ, ফেনী মাদকের কুফল সম্পর্কে আলোচনা সভায় ছাত্র-ছাত্রীদের মাঝে বক্তব্য প্রদান করেন দিলীপ কুমার দেবনাথ, সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ফেনী



গত ৩০ মার্চ ২০১৬ তারিখ চাঁদখালী এ. রব উচ্চ বিদ্যালয়, সদয়, লক্ষীপুর মাদকের কুফল সম্পর্কে আলোচনা সভায় ছাত্র-ছাত্রীদের মাঝে বক্তব্য দেন চৌধুরী ইমরুল হাসান, সহকারী পরিচালক (অতি:দা:) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, লক্ষীপুর



গত ০৫ মার্চ ২০১৬ তারিখ যশোর চৌরসার মোড়, যশোর পথযাত্রী/সাধারণ জনগণের মাঝে মাদকবিরোধী লিফলেট বিতরণ করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীগণ

## অপারেশনাল কার্যক্রম

### আইন আদালত মার্চ- ২০১৬

উপ-অঞ্চল/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	রায় ঘোষিত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা
ঢাকা মেট্রো: উপ-অঞ্চল	১১৯	১৩৯	২০	১৭	১৭
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঢাকা	৯	৯	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নারায়নগঞ্জ	১২	১২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গাজীপুর	১৪	১৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নরসিংদী	১৪	১৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মুন্সিগঞ্জ	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মানিকগঞ্জ	১১	১৩	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ময়মনসিংহ	২০	২৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কিশোরগঞ্জ	৮	৯	২	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নেত্রকোনা	৮	৮	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, টাংগাইল	২১	২১	২	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, জামালপুর	১৬	১৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, শেরপুর	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ফরিদপুর	১২	১৪	১	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গোপালগঞ্জ	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মাদারীপুর	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, শরিয়তপুর	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাজবাড়ী	৭	৭	১১	১	১
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চল	২	৪	২	১	১
চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল	৩৩	৩৭	৩০	১১	১২
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম	৫	৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কর্ণবাজার	১১	১০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নোয়াখালী	৯	৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ফেনী	৩	৩	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, লক্ষীপুর	৯	১০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কুমিল্লা	১৭	১৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চাঁদপুর	৮	৮	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ব্রাহ্মণবাড়িয়া	১৫	১৪	০	০	০

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বান্দরবান	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাংগামাটি	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, খাগড়াছড়ি	৩	৩	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৭	৭	১০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাজশাহী	২৩	২৬	২	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নওগাঁ	১৭	২১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চাঁপাইনবাবগঞ্জ	১২	১২	২	২	৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নাটোর	১৭	১৭	১৭	৫	৭
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পাবনা	২৫	২৫	২	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিরাজগঞ্জ	৯	১০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বগুড়া	৩৮	৩৯	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, জয়পুরহাট	১১	১১	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী গোয়েন্দা অঞ্চল	৪	৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রংপুর	২৭	২৭	৯	৯	৯
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কুড়িগ্রাম	৫	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর	১১	১৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গাইবান্ধা	১০	১০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, লালমনিরহাট	১৫	১৭	১	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নীলফামারী	৯	১০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঠাকুরগাঁও	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পঞ্চগড়	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, খুলনা	১৮	২২	৯	৪	৪
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সাতক্ষীরা	৭	৮	১	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বাগেরহাট	১১	১১	৩	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, যশোর	২৪	২৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নড়াইল	৫	৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মাগুরা	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কুষ্টিয়া	১০	১০	১২	২	৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মেহেরপুর	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চুয়াডাঙ্গা	১০	১০	২	১	১

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঝিনাইদহ	১২	১৩	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা গোয়েন্দা অঞ্চল	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বরিশাল	৫	৬	৩	৩	৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঝালকাঠী	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পিরোজপুর	১	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বরগুনা	০	০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পটুয়াখালী	২	২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ভোলা	১	১	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বরিশাল গোয়েন্দা অঞ্চল	০	০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিলেট	২২	২২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সুনামগঞ্জ	৮	৮	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মৌলভীবাজার	১১	১১	১	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, হবিগঞ্জ	৮	৮	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট গোয়েন্দা অঞ্চল	০	০	০	০	০
মোট	৮০৮	৮৬৩	১৪২	৬২	৬৭

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মার্চ-২০১৬ মাস পর্যন্ত উদ্ধারকৃত মাদকদ্রব্য, দায়েরকৃত মামলা ও মামলাসমূহে অন্তর্ভুক্ত আসামীর সংখ্যা নিম্নরূপঃ

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	২৬	২৭	০.৫৮৬১ কেজি
আফিম	১	৪	১ কেজি
গাঁজা	৪৫১	৪৭৪	৪২১.৫৬৫ কেজি
গাঁজা গাছ	৪	৪	৫৫০ টি
অবেধ চোলাই মদ	৪৪	৪১	৫২২.৬ লিটার
দেশী মদ	৫	৫	৪.৫ লিটার
বিদেশী মদ	৪	৩	৬.৫৬ লিটার
বিদেশী মদ	৪	৫	২২ বোতল
বিয়ার	৩	৩	৫৬ ক্যান
রেস্ট্রিকাইড স্পিরিট	৪	৪	১৬৮ লিটার
ডিনেচার্ড স্পিরিট	৫	৫	৫২১ লিটার
কোডিনের মিশ্রণ (ফেনিডিল)	৩৭	৪৬	২৪২৭ বোতল
কোডিনের মিশ্রণ (ফেনিডিল)	-	-	২ লিটার
তাড়ী (টোডি)	২০	২০	৭১৪ লিটার
পটুই	১০	১০	১৩৫৯.২৫ লিটার
বুপ্রেনরফিন (টি.ডি.জেনসিক ইঞ্জেকশন)	১	১	১৫০০ এ্যাম্পুল
ডায়াজিপাম	১	১	১০ টি
ফার্মেন্টেড ওয়াশ (জাওয়া)	১	১	১৬৩০ লিটার
এ্যালকোহল	১	১	৪ লিটার
বুপ্রেনরফিন (বনোজেনসিক ইঞ্জেকশন)	১	১	৯ এ্যাম্পুল
অন্যান্য	৫	৬	০
ইয়াবা টেবলেট	১৬৩	১৮৪	৫০৫৫৯ টি

নগদ অর্থ	-	-	৯৭৯৮০ টাকা
প্রাইভেট কার	-	-	১ টি
মোবাইল সেট	-	-	৫ টি
কভার্ড ভ্যান	-	-	২ টি
ভারতীয় শাড়ী	১	০	১৩ পিচ
মোটর সাইকেল			৪ টি
বুথেনরফিন (লুপিজেসিক ইঞ্জেকশন)	৮	৯	৯৫১ গ্র্যাম্পুল
অপিয়েট মিশ্রিত ড্রিংস	২	২	১৬০ বোতল
এনার্জি ড্রিংস (ইত্যাদি)	৪	৪	২৮৫ বোতল
আইকন এক্স পি/ অন্যান্য কোডিন সিরাপ	২	২	৬৭ বোতল
মোটঃ	৮০৮	৮৬৩	

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

### মোবাইল কোর্টের মামলার পরিসংখ্যান

২০১৬ সালের জানুয়ারি হতে মার্চ পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্টের মাধ্যমে দায়েরকৃত মামলা, আসামী ও শাস্তির বিবরণ :

মাসের নাম	মোবাইল কোর্টের অভিযানের সংখ্যা	মোবাইল কোর্টের মাধ্যমে দায়েরকৃত মামলার সংখ্যা	শাস্তি		গ্রেফতার
			অর্থদণ্ড	কারাদণ্ড	
জানুয়ারি হতে মার্চ/ ২০১৬	৩,৪৮৪	১,৭০৬	১২,৩৩,২৫০/- (বার লক্ষ তেরিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা। - ৪৮৭ জন	১। ২ বছর ও তদুর্ধ্ব- ১৬ জন ২। ১ বছর থেকে ২ বছরের কম- ১০৮ জন ৩। ৬ মাস থেকে ১ বছরের কম- ৬৩৭ জন ৪। ৬ মাসের কম- ৪৮৭ জন খালদ- ০১ জন মোট- ১,২৪৯ জন	১,৭৩৬

### মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন সংশ্লিষ্ট কার্যক্রম (মার্চ-১৬)

সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এর মাসিক প্রতিবেদন

কেন্দ্রের নাম	চিকিৎসা সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা						মন্তব্য	
	আন্তঃবিভাগ		বহিঃবিভাগ		মোট	নতুন		পুরাতন
	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা				
সিটিসি, ঢাকা	৩৪	১	১১৪	০	১৪৯	৮৩	৩১	
আরসিটি, চট্টগ্রাম	০	০	০	০	০	০	০	
আরসিটি, খুলনা	০	০	০	০	০	০	০	
আরসিটি, রাজশাহী	৫	০	৬	০	১১	১১	০	
রাজশাহী জেল হাসপাতাল	০	০	০	০	০	০	০	
কুমিল্লা জেল হাসপাতাল	৭	-	৭৯	১১	৯৭	৬৬	৩১	
যশোর জেল হাসপাতাল	০	০	০	০	০	০	০	
<b>মোট</b>	<b>৪৬</b>	<b>১</b>	<b>১৯৯</b>	<b>১১</b>	<b>২৫৭</b>	<b>১৬০</b>	<b>৬২</b>	

### বেসরকারি লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় পুনর্বাসন কেন্দ্রের (মার্চ-১৬) মাসের প্রতিবেদন

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস/ মেট্রোঃ উপ-অঞ্চল	কেন্দ্রের মোট সংখ্যা	কেন্দ্রসমূহের মোট বেড সংখ্যা	প্রতিবেদন প্রাপ্ত কেন্দ্রের সংখ্যা	বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা	বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা
ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল	৪২	৬০৫	৩৮	৪৫৬	২১৮
ঢাকা জেলা	৩	৩০	৩	৪৭	২২
নারায়নগঞ্জ	৪	৪০	০	০	০
মানিকগঞ্জ	২	২০	০	০	০
গাজীপুর	১০	১০০	১০	৪৫	৪৮
ময়মনসিংহ	৮	৮০	০	০	০
নেত্রকোনা	১	১০	০	০	০
টাংগাইল	৩	৩০	২	১৯	৭
জামালপুর	৩	৩০	০	০	০
ফরিদপুর	৩	৩০	০	০	০
নরসিংদী	১	১০	০	০	০
রাজবাড়ী জেলা	০	০	০	০	০
কিশোরগঞ্জ	২	২০	০	০	০
চট্টগ্রাম মেট্রো	১১	১৫০	৯	৯৬	৩৮
চট্টগ্রাম জেলা	২	২০	০	০	০
কক্সবাজার জেলা	০	০	০	০	০
ফেনী	৪	৪০	৪	৩৬	১৫
কুমিল্লা	৬	৬০	৫	৫০	৪৪
ব্রাহ্মনবাড়ীয়া	০	০	০	০	০
রাজশাহী জেলা	৪	৫০	৪	৫২	৩৬
বগুড়া	১০	১০০	৯	৬৫	৪৭
জয়পুরহাট	৩	৩০	৩	২৭	১৭
পাবনা	১	১০	০	০	০
নওগাঁ	৬	৬০	৫	৬৫	২২

খুলনা	৪	৫৫	৪	৪৬	৩২
কুষ্টিয়া	২	২০	১	২২	৪
যশোর	১	১০	১	২৬	১০
চুয়াডাঙ্গা	১	১০	১	১০	৮
সাতক্ষীরা	১	১০	১	৭	৫
বরিশাল	১	১০	১	১০	৬
সিলেট	৮	৯০	৭	৬৯	৫১
হবিগঞ্জ	১	১০	৪	২১	২২
মৌলভী বাজার	২	২০	২	২৯	১৬
রংপুর	৪	৪০	৪	১৯	২৯
দিনাজপুর	২	২০	২	২৪	১৬
মোট	১৫৬	১৮২০	১২০	১২৪১	৭১৩

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস/ মেট্রোঃ উপ-অঞ্চল	বিবেচ্য মাসে জর্জিত রোগীদের মাদক ভিত্তিক আসক্তির সংখ্যা	বিবেচ্য মাসে ছাড়কৃত রোগীর সংখ্যা
ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল	হেরোইন-৩০, গাঁজা-৪৭, ফেনিডিল- ৩৫, ইয়াবা-১০২ অন্যান্য-৪	২১৪
ঢাকা জেলা	হেরোইন-৫, গাঁজা-৪, ফেনিডিল-১, ইয়াবা-১২, অন্যান্য-০	১৯
নারায়নগঞ্জ	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
মানিকগঞ্জ	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
গাজীপুর	হেরোইন-৯, গাঁজা-১৪, ফেনিডিল-৫, ইয়াবা-১০, অন্যান্য-৭	৩৭
ময়মনসিংহ	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
নেত্রকোনা	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
টাংগাইল	হেরোইন-১, গাঁজা-২, ফেনিডিল-০, ইয়াবা-৩, অন্যান্য-১	৭
জামালপুর	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
ফরিদপুর	হেরোইন-৪, গাঁজা-৫, ইয়াবা-২, ফেনিঃ ১, অন্যান্য-০	০
নরসিংদী	হেরোইন-৩, গাঁজা-২, ফেনিডিল-০, ইয়াবা-৫, অন্যান্য-০	০
রাজবাড়ী জেলা	০	০
কিশোরগঞ্জ	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
চট্টগ্রাম মেট্রো	হেরোইন-০, গাঁজা-৭, ফেনিডিল-১, ইয়াবা-২৮, অন্যান্য-২	৪০
চট্টগ্রাম জেলা	হেরোইন-০, গাঁজা-০, ফেনিডিল-০, ইয়াবা-০, অন্যান্য-০	০
কক্সবাজার জেলা	০	০
ফেনী	হেরোইন-০, গাঁজা-৫, ফেনিডিল-১, ইয়াবা-৮, অন্যান্য-১	১৩
কুমিল্লা	হেরোইন-২, গাঁজা-১২, ফেনিডিল-৫, ইয়াবা-২২, অন্যান্য-৩	৪৫
ব্রাহ্মনবাড়ীয়া	০	০
রাজশাহী জেলা	হেরোইন-১৪, গাঁজা-৬, ফেনিডিল-৩, ইয়াবা-১২, অন্যান্য-১	২৯

বগুড়া	হেরোইন-১৭, গাঁজা-৯, ফেনিডিল-৩, ইয়াবা-১৪, অন্যান্য-৪	৪২
জয়পুরহাট	হেরোইন-৭, গাঁজা-৩, ফেনিডিল-২, ইয়াবা-৫, অন্যান্য-০	১৪
পাবনা	০	০
নওগাঁ	হেরোইন-৭, গাঁজা-৩, ফেনিডিল-২, ইয়াবা-৫, অন্যান্য-৫	২১
খুলনা	হেরোইন-৭, গাঁজা-১২, ফেনিডিল-৫, ইয়াবা-৫, অন্যান্য-৩	২৭
কুষ্টিয়া	হেরোইন-২, গাঁজা-১, ফেনিডিল-১, ইয়াবা-০, অন্যান্য-০	৩
যশোর	হেরোইন-২, গাঁজা-৩, ফেনিডিল-০, ইয়াবা-৪, অন্যান্য-১	৮
চুয়াডাঙ্গা	হেরোইন-২, গাঁজা-২, ফেনিডিল-০, ইয়াবা-১, অন্যান্য-০	৯
সাতক্ষীরা	হেরোইন-২, গাঁজা-১৫, ফেনিডিল-০, ইয়াবা-১, অন্যান্য-২	৬
বরিশাল	হেরোইন-২, গাঁজা-২, ফেনিডিল-২, ইয়াবা-০, অন্যান্য-০	৬
সিলেট	হেরোইন-১৩, গাঁজা-২৪, ফেনিডিল-৫, ইয়াবা-৮, অন্যান্য-১	৫০
হবিগঞ্জ	হেরোইন-৬, গাঁজা-৪, ফেনিডিল-৭, ইয়াবা-৪, অন্যান্য-১	২৫
মৌলভী বাজার	হেরোইন-২, গাঁজা-৭, ফেনিডিল-২, ইয়াবা-৩, অন্যান্য-২	২১
রংপুর	হেরোইন-৫, গাঁজা-১১, ফেনিডিল-২, ইয়াবা-৯, অন্যান্য-২	২৮
দিনাজপুর	হেরোইন-২, গাঁজা-৭, ফেনিডিল-২, ইয়াবা-৩, অন্যান্য-২	১৯
মোট	হেরোইন-৯৮, গাঁজা-১৭৯, ইয়াবা-২২৫ ফেনিডিল-৯৮, অন্যান্য-৬৫	৬৮৩

### রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র‍্যাব ও সিআইডি সহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। মার্চ-২০১৬ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

#### রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান

অঞ্চলের /সংস্থা নাম	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ			পেডিং/ছাগিত
	নমুনা	পজিটিভ	নেগে টিভ	
ঢাকা অঞ্চল	১১৩	১২১	--	১২১
চট্টগ্রাম অঞ্চল	৬৫	৬৭	--	৬৭
রাজশাহী অঞ্চল	১১০	১১৮	--	১১৮
খুলনা অঞ্চল	৭০	৮৪	--	৮৪
বাংলাদেশ পুলিশ	৩২৮৮	৩৫৪৭	--	৩৫৪৭
বর্ডার গার্ড বাংলাদেশ	--	--	--	--
র‍্যাব	--	--	--	--
সিআইডি	--	--	--	--
বাংলাদেশ রেলওয়ে পুলিশ	৩৮	৪৭	--	৪৭
অন্যান্য সংস্থা কাস্টমস	০২	০৫	--	০৫
মোট =	৩৬৮৬	৩৯৮৯	--	৩৯৮৯

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)

## প্রশাসন অধিশাখার কার্যক্রম

### রাজস্ব আদায়

মদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের মাধ্যমে প্রত্যক্ষভাবে রাজস্ব আদায় করা হয়। এছাড়া বিদেশ থেকে আমদানিকৃত বিভিন্ন প্রকারসর কেমিক্যালসের মাধ্যমে আমদানি, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, খুচরা বিক্রয় এবং ব্যবহারের লাইসেন্স ফি থেকেও রাজস্ব আদায় করা হয়। অধিদপ্তরের বিভিন্ন অঞ্চল হতে মার্চ ২০১৫ এবং মার্চ ২০১৬সাল পর্যন্ত মাসভিত্তিক আদায়কৃত রাজস্বের তুলনামূলক বিবরণ নিম্নরূপ :

ক্রঃ নং	অঞ্চলের নাম	মার্চ ২০১৫	মার্চ ২০১৬
১।	ঢাকা অঞ্চল	৮৬৬১১২২	৮৬৫৩১৫১
২।	সিলেট অঞ্চল	৩৯৩৫৪৩০	৩৯২৮৯৮৮
৩।	চট্টগ্রাম অঞ্চল	৩৬৮৮৭০২	৩৬২৫২৪৮
৪।	খুলনা অঞ্চল	২৮১৯২৫৬৯	২৬৫৮৩০৫১
৫।	বরিশাল অঞ্চল	৩৪০৮০০	৩৭৯৩৬০
৬।	রাজশাহী অঞ্চল	৭০৬৫২৬৪	৯৮৫১৭৯৬
মোট		৫১৮৮৩৮৮৭	৫৩০২১৫৯৪

### প্রিকারসর কেমিক্যালস আমদানি সংক্রান্ত বিবরণী

প্রিকারসর কেমিক্যালের নাম	বার্ষিক কোটা	মার্চ-১৬
টলুইন	১২,৭৬৮.৫০ মেগটঃ	২৬৬.৫৩১ মেগটঃ
এ্যাসিটিক এনহাইড্রাইড	২,৫৬৬ মেগটঃ	৪৩২ মেগটঃ
এ্যাসিটোন	৫,৮৮৬.৯৯ মেগটঃ	১৮৩.৮৪ মেগটঃ
মিথাইল ইথাইল কিটোন	৪,১৮৪.৫৬ মেগটঃ	১০০.৩২ মেগটঃ
পটাশিয়াম পারম্যাংগানেট	২,০৪৫ মেগটঃ	৮০ মেগটঃ
সিউডোএফিড্রিন	৪৯,০২১ কেজি	২৯৫০ কেজি

(সূত্রঃ মদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রশাসন শাখা)

### অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরঃ

নাম/ পদবী/ কর্মস্থল	সময়সীমা
জনাব মোঃ আব্দুল ওয়াহাব খান তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত) বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, রাজশাহী	০১/০৩/২০১৬- ২৮/০২/২০১৭

## মাদকের ভয়াবহতাঃ বিদ্যমান বাস্তবতা ও করণীয়

ফারুক আহমেদ

নির্বাহী পরিচালক

মুনড্রপস মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা।

মাদক সভ্যতার শত্রু। দেশের শত্রু, মানবতার শত্রু। সমাজের শত্রু। মানুষের শত্রু। এ শত্রুর আঘাত অত্যন্ত ভয়াবহ। খুবই নির্মম, নৃশংস। নিরবে নির্ভূতে এ শত্রু দেশ, সমাজ, সংস্কৃতি এবং অর্থনীতিতে ধংস করছে। ধীরে ধীরে এ শত্রুর আগ্রাসন ক্রমেই বিস্তৃত হচ্ছে, সম্প্রসারিত হচ্ছে।

মাদকাসক্তি বর্তমান বিশ্বমানবতার জন্য ভয়াবহতম অভিশাপ। মাদকের ধ্বংসক্ষমতা পারমাণবিক বোমার চেয়েও ভয়াবহ ও সুদূরপ্রসারী। কেননা মাদক বিশ্বসভ্যতার কোন নির্দিষ্ট স্থান নয়, সমগ্র এলাকাকে তার বর্তমান ও অনাগত ভবিষ্যতসহ তিলতিল করে ধ্বংস করে দেয়। মাদকাসক্তির কারণে মানুষের শারীরিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক ও আচরণগত ব্যাপক ক্ষতি হচ্ছে। মাদকাসক্তির কারণে মানুষের জানমাল ও সামাজিক নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে এবং শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। অধিকাংশ সামাজিক অপরাধের পিছনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে রয়েছে মাদকের প্রভাব।

মাদক সমস্যা স্বাস্থ্যগত জটিল এক সামাজিক সমস্যা। বাংলাদেশ এ সমস্যা থেকে মুক্ত নয়। মাদকাসক্তি মানুষকে শারীরিক ও মানসিকভাবে পঙ্গু করে দেয়। মাদকাসক্ত ব্যক্তি হয়ে পড়ে জীবনুত। এ অবস্থা পরিবার এবং সমাজের জন্য বিপর্যয় ডেকে আনছে। মাদকসেবীরা সমাজে চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি, চাঁদাবাজি ইত্যাদি সামাজিক অপরাধের সাথে জড়িয়ে পড়ছে। ফলে অবনতি ঘটছে আইন-শৃঙ্খলা পরিস্থিতির এবং সার্বিকভাবে মানবসম্পদের উন্নয়নসহ জীবন-মান উন্নয়নের ধারা আজ হুমকির মুখে পড়ছে।

মাদকের অপব্যবহার একটি আন্তর্জাতিক সমস্যা। ব্যক্তিগত সমস্যার বাঁধ ভেঙ্গে, রাষ্ট্রীয় সমস্যা টপকে আন্তর্জাতিক সমস্যা হিসেবে বিশ্বকে দেখিয়ে দিচ্ছে, মাদকের নেশা ধ্বংস করে দেয় মানুষের মনুষ্যত্ব, দেহের কোষে কোষে ক্ষতি করে, বদলে দেয় কোষের গ্রাহক যন্ত্রের স্বাভাবিক কাজ, মানবকে পরিণত করে দানবে। মায়ামমতা, ভালবাসা, নৈতিকতা পুড়িয়ে মানবদেহে অন্য একটি দানব ভর করে বিনাশ করে পুরো পরিবারের সুখ-স্বাচ্ছন্দ, আশা-ভরসা।

মাদকের অপব্যবহার বেড়ে চলেছে বিশ্বজুড়ে। মাদক সমস্যা পরিবার থেকে সমাজ, রাষ্ট্রীয় ভূখন্ড ছাপিয়ে সারা বিশ্বে বিস্তার লাভ করেছে। বর্তমানে বিশ্বের অন্যতম অভিশাপ ড্রাগ। বাংলাদেশ মাদক উৎপাদনকারী দেশ না হয়েও ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশে ঝুঁকিপূর্ণ অবস্থানে রয়েছে। আন্তর্জাতিক মাদক চোরাকারবারীরা বাংলাদেশকে ট্রানজিট রুট হিসেবে ব্যবহার করছে। এ জন্য বাংলাদেশের অবস্থা আতঙ্কজনক। বাংলাদেশের নগর হতে গ্রামে সর্বত্রই ড্রাগের বিচরণ কম-বেশি লক্ষ্য করা যাচ্ছে। চারপাশে মাদকের ফাঁদ। দেশের প্রতিটি এলাকায় এ ফাঁদ ছড়িয়ে যাচ্ছে। এজন্য মাদকের অগ্রসরতা সকলকে আতঙ্কিত করছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ড্রাগ হলো এমন বস্তু যা গ্রহণ করলে ব্যক্তির এক বা একাধিক কার্যকলাপের পরিবর্তন ঘটায়। একটা ড্রাগের পার্শ্বপ্রতিক্রিয়া নির্ভর করে তার রাসায়নিক গঠন বৈশিষ্ট্যের ওপর। এই ড্রাগ অপব্যবহারের

কারণে রোগী তার রোগের জন্য ওষুধের গুণাগুণ পাওয়ার বদলে হয়ে যায় বিষ। তাই অনেক সময় বিষ স্বল্পমাত্রায় প্রয়োগ করলে হয় ওষুধ, কিন্তু বেশি মাত্রায় বা অযথা গ্রহণ করলে হয় বিষাক্ত যা শরীরকে নিস্তেজ করে, মৃত্যু ডেকে আনে। অধিকাংশ ক্ষেত্রে এ অপব্যবহারের মাধ্যমে মাদকাসক্তির সূচনা হয়। অপব্যবহার থেকে অভ্যাস, অভ্যাস থেকে আসক্তি।

বর্তমানে বিশ্বব্যাপী মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী কার্যক্রম অনেক বেশি জোরদার হয়েছে। গতিশীল ও সম্প্রসারিত হয়েছে। তারই ধারাবাহিকতায় মাদকের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী কর্মসূচী বাস্তবায়নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ছাড়াও পুলিশ, র‍্যাভ, বিডিআর, কোস্ট গার্ড, আনসার ও ভিডিপি, কাস্টমস প্রভৃতি সরকারি প্রতিষ্ঠান অবৈধ মাদক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

### মাদক ঝুঁকি ও ভৌগোলিক কারণ :

মাদকের অপব্যবহার ও মাদকাসক্তি নিয়ে পৃথিবীর প্রায় সব দেশ আজ উদ্ভিগ্ন। কারণ, কোন দেশের জনসাধারণের মধ্যে মাদকাসক্তির বিস্তৃতি ঐ দেশের অর্থনীতি ও সামাজিক আচরণের ওপর নেতিবাচক প্রভাব ফেলে। বাংলাদেশে মাদকের ক্রমবর্ধমান অপব্যবহার আমাদেরকে জাতীয়ভাবে উদ্ভিগ্ন করে তুলছে। মাদক নিয়ে আমরা আজ বেশি উদ্ভিগ্ন। কারণ বিভিন্ন সমীক্ষা থেকে ধারণা করা হয়, বাংলাদেশের মাদকাসক্ত জনসংখ্যা বৃদ্ধির হার, বিশ্বের মাদকাসক্ত জনসংখ্যা বৃদ্ধির হারের প্রায় দ্বিগুণ। এদেশের মাদকাসক্তদের অধিকাংশই তরুণ এবং শতকরা ৮৫ ভাগ মাদকাসক্তের বয়স ১৫ থেকে ২৯ এর মধ্যে।

ভৌগোলিক অবস্থানগত কারণে বাংলাদেশের অবস্থা আরও নাজুক। কারণ, বাংলাদেশের ভৌগোলিক অবস্থান মাদক উৎপাদনকারী 'গোল্ডেন ট্রাঙ্গেল' ও 'গোল্ডেন ক্রিসেন্টের' মধ্যে অবস্থিত। বাংলাদেশকে ঘিরে গোল্ডেন ট্রাঙ্গেল সৃষ্টিকারী তিনটি মাদক উৎপাদনকারী দেশ হলঃ মায়ানমার, থাইল্যান্ড ও লাওস এবং গোল্ডেন ক্রিসেন্ট সৃষ্টিকারী দেশগুলো হলঃ পাকিস্তান, আফগানিস্তান ও ইরান। ভৌগোলিক অবস্থানগত কারণে বাংলাদেশ মাদক পাচারের ট্রানজিট হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। এছাড়াও বাংলাদেশের মাদক অপব্যবহারের আশংকা দিনদিন বাড়ছে।

### মাদকাসক্তি কি?

যখন কোন ব্যক্তি শারীরিক ও মানসিকভাবে মাদকদ্রব্য ব্যবহারের ওপর নির্ভরশীল হয়ে পড়ে এবং কোন কারণে মাদকদ্রব্যের অভাব ঘটলে তখন সে নানা ধরণের অস্বস্তিকর শারীরিক, মানসিক ও আচরণগত উপসর্গ সার্বিকভাবে অনুভব করে এবং ক্রমাগত মাদকদ্রব্যের প্রতি আকর্ষণ ও মাত্রার পরিমাণ বৃদ্ধি পেতে থাকে তখন ঐ অবস্থাকেই মাদকাসক্তি বলে। এককথায় মাদকাসক্তি হলো- কোন না কোন মাদকদ্রব্যের ওপর মানসিক ও দৈহিক নির্ভরশীলতা।

### মাদকাসক্তির উপসর্গসমূহ:-

- আচরণ, মেজাজ, অভ্যাস, মন-মানসিকতা হঠাৎ আক্রমণাত্মক হয়ে ওঠা
- রাতে অনিদ্রা ও দিনে বিলম্বে ঘুম থেকে ওঠা
- সবসময় বিষন্ন ও চুপচাপ থাকা, ঘরের দরজা বন্ধ করে থাকা
- পরিবারের সদস্যদের এড়িয়ে যাওয়া

- খাওয়া, গোছলে অনীহা, বিছানা এবং পরিধেয় বস্ত্র নোংরা এবং বিজাতীয় গন্ধে ভরা
- কথা বলায় আড়ম্বর্তা, দৃষ্টিতে বিহ্বলতা
- কোন ব্যাপারে ধৈর্য্য ও মনোযোগ না থাকা
- অকারণে মিথ্যাকথন কিংবা বাচালতা, খিটখিটে মেজাজ
- চোখের কোণে কালি পড়া, লাভণ্য নষ্ট হওয়া, শরীর শুকিয়ে যাওয়া
- টাকা পয়সার বেশি চাহিদা, অকারণে যখন-তখন বাড়ির বাইরে যাওয়া
- রাত করে বাড়ি ফেরা, ঘনঘন বন্ধু পরিবর্তন
- ঘরে থাকলে সারাক্ষণ ছটফট করা ইত্যাদি

### মাদকের প্রতি আসক্তি হয় যে কারণে:-

মাদকের প্রতি কৌতুহল, নতুন অভিজ্ঞতা সঞ্চয়ের প্রয়াস, বন্ধু-বান্ধব ও সঙ্গী-সাথীদের প্রভাব, মাদকের কুফল সম্পর্কে অজ্ঞতা, সহজ আনন্দ লাভের বাসনা, কৈশোর ও যৌবনের বিদ্রোহী ও বেপরোয়া মনোভাব, মনস্তাত্ত্বিক বিশৃঙ্খলা, প্রতিকূল পারিবারিক পরিবেশ, পারিবারিক পরিমন্ডলে মাদকের প্রভাব, মাদকের সহজলভ্যতা, বেকারত্ব, হতাশা ও আর্থিক অনটন ও নৈতিক শিক্ষার অভাব।

### বাংলাদেশে ক্ষতিকারক মাদকদ্রব্য:-

বিভিন্ন রকম মদ, তাঁড়ি, গাঁজা, ভাং, আফিম, হেরোইন, ফেনসিডিল, পেথিডিন, ইয়াবা, টিডিজেসিক ইনজেকশন, রেস্তিফাইড স্পিরিট, মেথানল (এলকোহল জাতীয় মারাত্মক বিষ), সিগারেট, বিড়ি, তামাক, গুল, বিভিন্ন রকম ঘুমের ওষুধ যেমন- সিডাকসিন, ভ্যালিয়াম, ফ্রিজিয়াম, রিলাকজেন, ইউনাকটিন ইত্যাদি।

### মাদকের অপব্যবহার যেসব ক্ষতি করে:-

- শারীরিক ক্ষতিঃ কর্মক্ষমতার অবনতি, ক্ষয়রোগ, স্নায়বিক দুর্বলতা, যকৃৎের তীব্র প্রদাহ, রক্তদূষণ, এইডস, অনিদ্রা, পেটে ব্যথা, মুখের ব্রন, বমিভাব ইত্যাদি।
- মানসিক ক্ষতি : উত্তেজনা, চরম অবসাদ, আত্মহত্যার প্রবণতা, মানসিক তীব্র প্রতিক্রিয়া, উচ্ছৃঙ্খল আচরণ, অসংলগ্ন ব্যবহার, দুর্বলতা ও হতাশা বৃদ্ধি।
- সামাজিক ক্ষতি : জীবনে উন্নতি লাভের আকাঙ্ক্ষা হ্রাস, কর্মদ্যোগ হ্রাস, পারিবারিক চরম অশান্তি, অপরাধপূর্ণ আচরণ ও সমাজে অপাত্কেয় বিবেচিত হওয়া।
- আর্থিক ক্ষতি : নিজে সর্বস্বান্ত হওয়া, পরিবার পরিজনকে আর্থিক অনটনে ফেলা, বন্ধু-বান্ধবদের নিকট হতে ধার নেওয়া, চুরি রাহাজানির প্রবণতা বৃদ্ধি এবং একজন দুঃখী মানুষে পরিণত হওয়া।

## মাসিক বুলেটিনে মতামত আহ্বান করা হচ্ছে

অধিদপ্তর থেকে প্রতিমাসে বুলেটিন প্রকাশ করা হয়। যা অধিদপ্তরের ওয়েব সাইটসহ বিভিন্ন পদস্থ ব্যক্তি, সমাজের গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণ করা হচ্ছে। বুলেটিন সম্পর্কে আপনার যে কোন মূল্যবান মতামত/মন্তব্য, তথ্য, বক্তব্য, প্রতিবেদন, ছবি ইত্যাদি প্রেরণ করলে তা প্রকাশের জন্য গুরুত্বের সাথে বিবেচনা করা হবে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : ০১৭০৮-৯০৪০২৭

নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কর্তৃক প্রকাশিত।

ফোন : ০২-৮৮৭০০১১, ফ্যাক্স : ০২-৮৮৭০০১০, ই-মেইল : dgdncbd@gmail.com, ওয়েবসাইট : www.dnc.gov.com

মুদ্রণে : বর্ষা (প্রাঃ) লিঃ, ৮/৩ বাবুপুরা, নীলক্ষেত্র, ঢাকা-১২০৫, ফোন : ০২-৫৮৬১৭১৫৮, ০১৭১৬-০৮৯২৭৬।